দৈনিক বাংলা

শিক্ষা ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ ...10 AUG 1988...
পৃষ্ঠা... 1, 6 ...কলাম...

03

# সার্ক পররাষ্ট্র মন্ত্রী সম্মেলনের তারিখ নিয়ে আলোচনা চলছে

(কূটনৈতিক সংবাদদাতা)

ঢাকায় অনুষ্ঠিত সার্ক-এর শিক্ষা বিষয়ক কারিগরি কমিটির সম্মেলন সুষ্ঠুভাবে সম্পন্ন হওয়াতে এটাই প্রতীয়মান হয় যে সার্ক-এর স্থগিত ঘোষিত পররাষ্ট্রমন্ত্রী সম্মেলন অনুষ্ঠানের পক্ষে এখন অনুকূল পরিবেশ সৃষ্টি হয়েছে।

বর্তমানে ঢাকায় অবস্থানরত সার্কএর মহাসচিব জনাব আবুল আহসান এক সাক্ষাৎকারে এ মন্তব্য করে বলেন, সার্ক পররাষ্ট্র মন্ত্রী সম্মেলন বর্জনকারী শ্রীলংকাসহ সবকটি সদস্য রাষ্ট্রই সার্ক কারিগরি কমিটির সম্মেলনে যোগ দিয়েছে।

শিক্ষা বিষয়ক সার্ক কারিগরি কমিটির তিন দিনব্যাপী এই সম্মেলন গত মংগলবার শেষ হয়েছে।

(শেষ পৃঃ ৪-এর কঃ দ্রঃ)

## সার্ক পররাষ্ট্রমন্ত্রী সম্মেলন

(প্রথম পৃঃ পর)

উল্লেখ্য, পররাষ্ট্রমন্ত্রী সম্মেলন স্থগিত হওয়ার পর এটিই ছিল সার্ক-এর আর একটি পূর্ণাংগ সম্মেলন। এই সম্মেলন উপলক্ষেই জনাব আবুল আহসান এখন ঢাকায় রয়েছেন।

জনাব আহসান বলেন, শ্রীলংকার বয়কটের কারণে স্থগিত ঘোষিত সার্ক পররাষ্ট্রমন্ত্রী সম্মেলন অনুষ্ঠানের জন্যে সার্ক-এর বর্তমান চেয়ারম্যান পাকিস্তান এবং একইসংগে বাংলাদেশও ব্যাপক তৎপরতা অব্যাহত রেখেছে। এই তৎপরতারই অংশ হিসেবে বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রী আনিসুল ইসলাম মাহমুদ সার্ক দেশগুলি সফর করছেন।

তিনি বলেন, অন্যান্য বিষয়ের সংগে এই সম্মেলনের সম্ভাব্য তারিখ নিয়েও আলোচনা হচ্ছে। সব দেশের পররাষ্ট্রমন্ত্রীদের পক্ষে সুবিধাজনক একটি তারিখ খুজে বের করারও চেষ্টা চলছে বলে তিনি জানান।

আগামী ডিসেম্বরে কলম্বোতে সার্ক-এর পঞ্চম শীর্ষ সম্মেলন অনুষ্ঠানের ব্যাপারে বিভিন্ন মহল থেকে যে সংশয় প্রকাশ করা হয়েছে সে ব্যাপারে দৃষ্টি আকর্ষণ করা হলে জনাব আবুল আহসান বলেন, কলম্বো থেকে এব্যাপারে কোন নেতিবাচক মনোভাব এখনও ব্যক্ত করা হয়নি। তাই সংশয় প্রকাশের কোন কারণ এখনও ঘটেছে বলে মনে হয় না।

দ্বিপক্ষীয় বিষয়সমূহ, সার্ক-এর আওতা বহির্ভূত রাখা সত্ত্বেও দ্বিপক্ষীয় সমস্যাবলীই সার্ক-এর কর্মকান্ডকে ব্যাহত করছে বলে তিনি মনে করেন কিনা, জানতে চাওয়া হলে জনাব আহসান বলেন, আঞ্চলিক সহযোগিতার লক্ষ্যেই সার্ক গঠিত হয়েছে। এবং বিভিন্ন ক্ষেত্রে এ সহযোগিতার কাজ এগিয়ে চলেছে।

উল্লেখ্য, সার্ক-এর মহাসচিব হিসাবে জনাব আবুল আহসানের মেয়াদকাল শেষ হয়ে গেলেও পররাষ্ট্রমন্ত্রী সম্মেলন অনুষ্ঠিত হতে না পারায় নতুন মহাসচিবের নিয়োগ অনুমোদিত হতে পারেনি। এই পরিপ্রেক্ষিতে জনাব আহসানের মেয়াদ আরও তিন মাস বাড়ানো হয়েছে।

সার্ক-এর প্রথম মহাসচিব হিসাবে জাফর আবুল আহসানের কার্যকাল শেষ হলে ভারতের শ্রী কিশোর কান্ত ভার্গব দ্বিতীয় মহাসচিব হিসাবে দায়িত্বভার গ্রহণ করবেন। শ্রী ভার্গব বর্তমানে মরিশাসে ভারতের হাই-কমিশনার পদে নিযুক্ত রয়েছেন।